60

দৈনিক জনকণ্ঠ

তারিখ ...........

পৃষ্ঠা ১২ ... কলাম ২ ........

# ব্রাসেলস ক্যাথলিক ভার্সিটি প্রধানমন্ত্রীকে পিএইচডি ডিগ্রী দেবে

বেলজিয়ামের একটি নাম করা বিশ্ববিদ্যালয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অনারারি ডক্টরেট ডিগ্রী প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে। গণতন্ত্র, মানবাধিকার ও আইনের শাসনের প্রতি অঙ্গীকারের স্বীকৃতি হিসাবে বেলজিয়ামের ক্যাথলিক ইউনিভার্সিটি অব ব্রাসেলস প্রধানমন্ত্রীকে অনারারি পিএইচডি ডিগ্রী প্রদান করবে। বিশ্ববিদ্যালয়ের রেক্টর প্রফেসর ডঃ পি ম্যাথিউসসেন প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে লেখা এক চিঠিতে এ ডিগ্রী গ্রহণের জন্য আনুষ্ঠানিক অনুরোধ জানান। তিনি আগামী বছর ৪ ফেব্রুয়ারি ব্রাসেলসে অনুষ্ঠিতব্য সরকারীভাবে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত হয়ে ডিগ্রী গ্রহণেরও অনুরোধ জানান।

রেক্টর বলেন, এর আগে বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে সম্মানজনক এ ডিগ্রীর জন্য মনোনীত করে। খবর বাসস'র।